

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)  
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।  
[www.banbeis.gov.bd](http://www.banbeis.gov.bd)

স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.১১৮.২৫/ ৪৭৪

তারিখ: ৩১ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ  
১৬ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়: বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৫ এর আওতায় ইআইআইএন (EIIN) ভুক্ত ও ইআইআইএন (EIIN) বিহীন শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহের নির্দেশনা প্রদান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) পরিচালিত বার্ষিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ ২০২৫ এর আওতায় আগামী ২০ অক্টোবর ২০২৫ থেকে ১৫ নভেম্বর ২০২৫ পর্যন্ত সময়ে দেশের প্রাথমিকোত্তর স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্যসংগ্রহ কার্যক্রম শুরু হবে। শিক্ষা জরিপের মাধ্যমে প্রাপ্ত তথ্য প্রক্রিয়াকরণ করে ব্যানবেইস প্রতি বছর Bangladesh Education Statistics শিরোনামে প্রতিবেদন প্রকাশ করে। উক্ত প্রতিবেদনে উপস্থাপিত তথ্যের ভিত্তিতে শিক্ষাখাতের মানোন্নয়ন এবং সম্প্রসারণের লক্ষ্যে প্রয়োজনীয় পরিকল্পনা, নীতি-কৌশল প্রণয়নসহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়।

২। সঠিক সময়ে Bangladesh Education Statistics ও SDG4 বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রকাশ, শিক্ষাসংশ্লিষ্ট কর্মকৃতি নির্দেশক প্রস্তুত (Key Performance Indicator), শিক্ষা মন্ত্রণালয়সহ বিভিন্ন দপ্তর ও অধিদপ্তরের চাহিত তথ্য, কারিগরি শিক্ষা সেক্টর পারফরম্যান্স মনিটরিং ফ্রেমওয়ার্ক (SPMF) এর তথ্য এবং UNESCO INSTITUTE for STATISTICS (UIS)সহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থায় তথ্য প্রদানের জন্য উল্লিখিত সময়ের মধ্যে দেশের সকল প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ব্যানবেইস এর সার্ভারে অন্তর্ভুক্ত করা প্রয়োজন। নির্ধারিত সময়ের মধ্যে যাচিত তথ্যাদি না পাওয়া গেলে E-Government Development Index (EGDI) ও অন্যান্য আন্তর্জাতিক সূচকে বাংলাদেশের সঠিক অবস্থান প্রতিফলিত হয় না। তাই দেশের সকল প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ব্যানবেইস এর সার্ভারে নির্ধারিত সময়ে আপলোড হওয়া অত্যাবশ্যিক।

৩। বর্ণিতাবস্থায়, ইআইআইএন (EIIN) ভুক্ত ও ইআইআইএন (EIIN) বিহীন প্রাথমিকোত্তর স্তরের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে ব্যানবেইস এর ওয়েবসাইটে ([www.banbeis.gov.bd](http://www.banbeis.gov.bd)) 'শিক্ষা জরিপ ২০২৫' মেনুতে প্রবেশ করে আগামী ২০ অক্টোবর ২০২৫ হতে ১৫ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে তথ্য প্রদানের নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

(মো: মজিবুর রহমান)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: +৮৮-০২- ৪১০৬০৭০৭

E-mail: [dg@banbeis.gov.bd](mailto:dg@banbeis.gov.bd)

**বিতরণ কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (সকল অঞ্চল);
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (সকল অঞ্চল);
- ৩। জেলা শিক্ষা অফিসার (সকল);
- ৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
- ৫। সহকারী প্রোগ্রামার (সকল), ইউআইটিআরসিই, ব্যানবেইস।

স্মারক নং ৩৭.২০.০০০০.০০৩.৩৫.১১৮.২৫/ ৪৭৪/১ (২৪)

তারিখ: ৩১ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ  
১৬ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
- ৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৫। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৬। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল);
- ৭। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
- ৮। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড;
- ৯। অফিস নথি।



(মো: মজিবুর রহমান)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: +৮৮-০২- ৪১০৬০৭০৭

E-mail: dg@banbeis.gov.bd